



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/25/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল আসন্ন আবেদনের শেষ তারিখের কথা মাথায় রেখে আগ্রহী নিউ ইয়র্কবাসীকে 2024 এম্পায়ার স্টেট ফেলোশিপের জন্য আবেদন করতে উৎসাহিত করলেন

আবেদনের সময়কাল শেষ হবে 1 এপ্রিল; আবেদন করুন [এখানে](#)

গভর্নর ক্যাথি হোকল আজকে 2024 এম্পায়ার স্টেট ফেলোস কর্মসূচিতে (Empire State Fellows Program) অংশগ্রহণ করার জন্য আগ্রহী নিউ ইয়র্কবাসীকে আবেদনের শেষ তারিখ, 1 এপ্রিলের পূর্বে আবেদন করতে উৎসাহিত করলেন মর্যাদাপূর্ণ প্রোগ্রামটি প্রশাসনের উচ্চ-স্তরের পদে কাজ করার জন্য নিউ ইয়র্ক স্টেট এবং সারা দেশের ব্যতিক্রমী এবং বৈচিত্র্যময় প্রতিভাকে আকর্ষণ করে। 12 বছর পূর্বে কর্মসূচিটি শুরু হওয়ার পর থেকে, এম্পায়ার স্টেট ফেলোস কর্মসূচির গ্র্যাজুয়েটরা স্টেট এজেন্সিসমূহে ডেপুটি কমিশনার, ডেপুটি সেক্রেটারি এবং চিফ অফ স্টাফের মতো গুরুত্বপূর্ণ পদ অর্জন করেছে।

"এম্পায়ার স্টেট ফেলোস কর্মসূচি নিউ ইয়র্কের সবথেকে অসাধারণ কিছু প্রতিভাকে জনসেবায় নিয়ে এসেছে, পার্থক্য গড়ে দিতে পারে এমন ক্যারিয়ার গঠনে মানুষের জন্য অনুঘটক হিসেবে কাজ করেছে," **গভর্নর হোকল বলেন।** "আমাদের মহান স্টেটে ইতিবাচক প্রভাব তৈরি করতে আগ্রহী সকলের আবেদন করা উচিত।"

নিউ ইয়র্ক স্টেট সিভিল সার্ভিস বিভাগের (New York State Department of Civil Service) কমিশনার টিমোথি আর হগস বলেন, "জনসেবার মহৎ ও ফলপ্রসূ লিগেসি অব্যাহত রাখার জন্য নিউ ইয়র্ক স্টেট সেরা এবং সবথেকে উজ্জ্বল মানুষের সন্ধান করেছে। গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, স্টেটের এজেন্সিসমূহ এই দশকের সমস্যাসমূহকে সামনে থেকে মোকাবেলা করছে, এবং একজন ভবিষ্যৎ নেতা হিসেবে আপনার পথ শুরু করার এটিই দারুণ সময়। আমরা এমন পরিশ্রমী এবং সৃজনশীল চিন্তাবিদদের সন্ধান করছি যারা স্টেট সরকারের এজেন্সিসমূহের সর্বোচ্চ পর্যায়জুড়ে মূল্যবান অভিজ্ঞতা অর্জন করে অনুপ্রাণিত হবে, এবং একইসাথে এম্পায়ার স্টেটে আমরা যাদের সেবাদান করি সেই বহু বৈচিত্র্যপূর্ণ চেহারা, স্বর, পটভূমি, ধারণা, এবং সম্প্রদায়সমূহ থেকে শিক্ষালাভ করতে পারবে।"

এম্পায়ার স্টেট ফেলোস প্রোগ্রাম একটি পূর্ণকালীন নেতৃত্ব সংক্রান্ত প্রশিক্ষণ কর্মসূচি যা পরবর্তী প্রজন্মের মেধাবী পেশাজীবীদের নিউ ইয়র্ক স্টেটের নীতি নির্ধারক হিসেবে ক্যারিয়ার গঠনের জন্য প্রস্তুত করবে। এম্পায়ার স্টেট ফেলো এর আসন্ন ক্লাস 12 সেপ্টেম্বর থেকে নিজেদের

দায়িত্ব পালন করা শুরু করবে এবং বছরে 85,000 ডলারের বেতন এবং পর্যাপ্ত সুবিধার একটি প্যাকেজ লাভ করবে। ফেলোশিপ শেষে এই প্রোগ্রাম উচ্চ পারফরম্যান্স দেখানো এম্পায়ার স্টেট ফেলোদের শনাক্ত করবে যাদেরকে প্রোগ্রামটি সম্পন্ন করার পরে নিউ ইয়র্ক স্টেট সরকারে নেতৃস্থানীয় পদে দায়িত্ব পালন করা অব্যাহত রাখার সুযোগ দেওয়া হবে।

নিউ ইয়র্ক স্টেট সরকারের কার্যকলাপের সঙ্গে সম্পৃক্ততা এম্পায়ার স্টেট ফেলোস প্রোগ্রামের কেন্দ্রীয় বিষয়। গভর্নরের অফিস প্রত্যেক এম্পায়ার স্টেট ফেলোকে একজন কমিশনার, ডেপুটি কমিশনার বা অন্যান্য উচ্চ-স্তরের নীতিনির্ধারকদের সাথে নিউ ইয়র্ক স্টেট এজেন্সি বা কর্তৃপক্ষ বা এক্সিকিউটিভ চেম্বারে সরাসরি কাজ করার জন্য নিয়োগ করবে। কাজের অ্যাসাইনমেন্টগুলো ফেলোদেরকে উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে সহযোগী হয়ে কাজ করার এবং নীতি নির্ধারণী প্রক্রিয়ায় অংশগ্রহণ করার অতুলনীয় অভিজ্ঞতা অর্জনের সুযোগ করে দেয়।

স্টেট সরকারের কাজে অংশগ্রহণ করার সময়ে, এম্পায়ার ফেলোরা শিক্ষাগত এবং পেশাগত উন্নয়ন কর্মসূচিসমূহে অংশগ্রহণ করবেন যা তাদেরকে সরকারের কার্যকর ও নৈতিক নেতৃত্ব হিঁসেবে দায়িত্ব পালন করতে সাহায্য করবে। এম্পায়ার স্টেট ফেলো প্রোগ্রামের শিক্ষাগত উপাদান সেপ্টেম্বর মাসে একটি ওরিয়েন্টেশন কোর্সের মধ্য দিয়ে শুরু হবে। শিক্ষামূলক কোর্সওয়ার্ক অর্ধ মাসিক ভিত্তিতে চলতে থাকবে। এদিকে, একটি মেন্টরিং প্রোগ্রাম ও ক্যাবিনেটের সদস্য এবং অন্যান্য সরকারি নেতাদের সাথে নিয়মিত বৈঠক সহ পেশাগত উন্নয়ন কার্যক্রম নীতিনির্ধারকদের সাথে এম্পায়ার ফেলোদের সহযোগিতা বৃদ্ধি করবে।

5 জানুয়ারি তারিখে আবেদনের সুযোগ উন্মুক্ত করা হয়েছে এবং 1 এপ্রিল তারিখ পর্যন্ত আবেদন গ্রহণ করা হবে। এই প্রোগ্রাম সম্পর্কে আরো তথ্য এবং কিভাবে আবেদন করতে হবে সে সম্পর্কে তথ্য [এখানে](#) পাওয়া যাবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)